তারিখ ...
পৃষ্ঠা ৩ ... [illegible] ৪ ...

# 'ছাত্রদলের কমিটি ছাত্রদের দিয়েই করতে হবে এমন কথা নেই'

যুগান্তর রিপোর্ট

সংসদে বিরোধীদলীয় নেত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া বলেছেন, ছাত্রদের দিয়েই ছাত্রদলের কমিটি করতে হবে এমন কোন কথা নেই।

কথা : পৃষ্ঠা ২ : কলাম : ৩

## কথা : নেই

(১ম পৃষ্ঠার পর)

তিনি গতকাল রোববার বিকেলে হোটেল শেরাটনে বিভিন্ন জাতীয় দৈনিক ও সংবাদ সংস্থার সম্পাদকদের সঙ্গে মতবিনিময়ের সময় একজন সম্পাদকের প্রশ্নের জবাবে এ কথা বলেন।

ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম প্রশ্নটি করেন। তিনি প্রশ্নের সঙ্গে আরও বলেন, বিএনপির মতো একটি দল তাদের ছাত্র সংগঠনের কমিটি করেছে যাদের নিয়ে তারা আর ছাত্র নেই। এজন্য প্রতিবাদ উঠেছে, গণপদত্যাগের কথাও আসছে।

খালেদা জিয়া কিছুটা রাগতস্বরেই বলেন, ছাত্রদের দিয়েই কমিটি করতে হবে- এটা 'নেসেসারি' নয়। আমি দল চালানর জন্য এ মুহূর্তে যা ভাল মনে করেছি তাই করেছি। এ কমিটি চিরস্থায়ীও নয়। যে কোন সময় পরিবর্তন করা যাবে। আর কেউ সারা জীবন ছাত্র থাকে না। আবার অনেকে সারা জীবনই লেখাপড়া করে। যাদের সঙ্গে ছাত্ররা আছে তাদের নিয়েই কমিটি করা হয়েছে।